

(৬)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং ৭জি/৭১৮(ক-৩)/০৪(অংশ-২)/২০১৭/৩

তারিখ : ১৫/০৯/২০২১ খ্রি.

বিষয় : ঢাকা জেলার পল্লবী ডিগ্রি কলেজের জনাব পারভীন আক্তার, প্রভাষক (অর্থনীতি)কে মহামান্য হাইকোর্টের রায়ে আলোকে এম.পি.ও ভুক্তকরণ।


সূত্র : (১) রিট পিটিশন নং ৪৮৯৬/২০১০ এর রায়
(২) সেপ্টেম্বর/২০২১ মাসের এম.পি.ও কমিটির সভার সিদ্ধান্ত;

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পল্লবী ডিগ্রি কলেজের জনাব পারভীন আক্তার, প্রভাষক (অর্থনীতি) সূত্রোক্ত স্মারক মোতাবেক মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট পিটিশন নং ৪৮৯৬/২০১০ এর রায়ে আলোকে এম.পি.ওভুক্তির জন্য আবেদন করেন।

আইন শাখার মতামত : ঢাকার পল্লবী ডিগ্রি কলেজের প্রভাষক (অর্থনীতি) জনাব পারভীন আক্তার এমপিওভুক্ত হওয়ার বিষয়ে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং ৪৮৯৬/২০১০ দায়ের করেন। উক্ত রিট মামলায় শুনানি শেষে বিগত ১০/০১/২০১৭ তারিখে রায় প্রদান করেন। রায়ে ৭ নং বিবাদী অর্থাৎ জনাব মো: তৌফিকুর রহমান এর নাম এমপিও তালিকা থেকে বাতিল/কর্তন করার জন্য এবং পিটিশনার(পারভীন আক্তার) কে এমপিওভুক্ত করার জন্য বিবাদীগণকে নির্দেশ দেয়া হয়। মহামান্য হাইকোর্ট বিভাগের ১০/০১/২০১৭ তারিখের রায়ে বিরুদ্ধে জনাব মো: তৌফিকুর রহমান মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং ১১৭/২০১৮ দায়ের করেন। উক্ত আপিল মামলা বিগত ১৫/০৪/২০১৯ তারিখে খারিজ হয়। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রায় ও আদেশ অনুসারে জনাব মো: তৌফিকুর রহমান এর এমপিও তালিকা থেকে বাদ দিতে হবে এবং জনাব পারভীন আক্তার(প্রভাষক, অর্থনীতি) কে এমপিওভুক্ত করতে হবে।

সেপ্টেম্বর/২০২১ মাসের এম.পি.ও কমিটির সিদ্ধান্ত : জনাব পারভীন আক্তার এর দায়েরকৃত রিট মামলা নং ৪৮৯৬/২০১০ এর রায়ে প্রেক্ষিতে মাউশি অধিদপ্তরের আইন শাখার মতামত মহামান্য হাইকোর্ট বিভাগের রায় ও আদেশ অনুসারে জনাব মো: তৌফিকুর রহমান এর নাম এম.পি.ও তালিকা থেকে বাদ দিতে হবে এবং জনাব পারভীন আক্তার(প্রভাষক-অর্থনীতি) কে এমপিও তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে। মাউশি অধিদপ্তরের আইন শাখার মতামত অনুসারে মাউশির আঞ্চলিক কার্যালয় থেকে বকেয়া ব্যতীত এমপিওভুক্ত করা এবং সেই মামলার রায়ে তারিখ ১০/০১/২০১৭ থেকে জনাব মো: তৌফিকুর রহমান এর গৃহীত বেতন ভাতার সরকারি অংশ সরকারি কোষাগারে ফেরত প্রদানপূর্বক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে অবহিত করার জন্য অধ্যক্ষসহ সংশ্লিষ্ট সকলকে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সেপ্টেম্বর/২০২১ মাসের এম.পি.ও চূড়ান্ত কমিটির সিদ্ধান্তক্রমে জনাব পারভীন আক্তার(প্রভাষক-অর্থনীতি) এর এম.পি.ও ভুক্তকরণ এবং জনাব মো: তৌফিকুর রহমান এর গৃহীত বেতন ভাতার সরকারি অংশ কোষাগারে ফেরত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক(কলেজ-৩)
ফোন নং ৯৫৫৬০৫৭

(১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;
(২) অধ্যক্ষ, পল্লবী ডিগ্রি কলেজ, পল্লবী, ঢাকা;

বিতরণ :

(১) সভাপতি, গভর্নিং বডি, পল্লবী ডিগ্রি কলেজ, পল্লবী, ঢাকা;
(২) জনাব পারভীন আক্তার, প্রভাষক(অর্থনীতি), পল্লবী ডিগ্রি কলেজ, পল্লবী, ঢাকা;
(৩) সংরক্ষণ নথি।

(E-File)-Delwar-F.c